

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
কুমিল্লা মেডিকেল কলেজ  
অধ্যক্ষের কার্যালয়

ডঃ আখতার হামিদ খান রোড, কুচাইতলী, কুমিল্লা।  
[www.cumc.edu.bd](http://www.cumc.edu.bd), [comc@ac.dghs.gov.bd](mailto:comc@ac.dghs.gov.bd)

নং- ৫৯.১৪.০০১৯.০৩৩.০৬.০০১.২০২৪- ৭০৪

তারিখ : ১৭ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ।

বিষয় : একাডেমিক কাউন্সিলের সভা  
সভাপতি : অধ্যাপক ডাঃ মোহাম্মদ ইজাজুল হক  
অধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ।  
তারিখ : ১৫/০৪/২০২৪ খ্রিঃ।  
সময় : সকাল- ১১:৩০ ঘটিকা।  
স্থান : কনফারেন্স রুম।

সভাপতি সম্মানিত হাসপাতালের পরিচালক ও সকল শিক্ষকগনকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	১০/০৩/২০২৪ ইং তারিখের বর্ধিত সভা	গত ১০/০৩/২০২৪ ইং তারিখের বর্ধিত সভার কার্যক্রম নিয়ে আলোচনা করেন অধ্যক্ষ মহোদয়।	বিগত বর্ধিত সভার কার্য বিবরণী পাঠ, গৃহীত ব্যবস্থা পর্যালোচনা শেষে অনুমোদিত হয়।	অধ্যক্ষ মহোদয়
২.	মাননীয় মন্ত্রী মহোদয়ের সফরসূচি	১৮/০৪/২০২৪ ইং তারিখ কুমিল্লা মেডিকেল কলেজ ও হাসপাতালে মাননীয় মন্ত্রী মহোদয়ের সফরসূচি নিয়ে আলোচনা	১৮/০৪/২০২৪ ইং তারিখ কুমিল্লা মেডিকেল কলেজ ও হাসপাতালে মাননীয় মন্ত্রী মহোদয় পরিদর্শন করবেন। পরিদর্শনকালীন সময়ে স্ব স্ব বিভাগের সম্মানিত অধ্যাপক, বিভাগীয় প্রধান ও ইউনিট প্রধানগনকে প্রস্তুত থাকার জন্য অধ্যক্ষ মহোদয় অনুরোধ জানান।	অধ্যক্ষ মহোদয়
৩.	পরিষ্কার পরিচ্ছন্নতা	স্ব স্ব বিভাগের বিভাগীয় প্রধানগনের সাথে পরিষ্কার পরিচ্ছন্নতা নিয়ে আলোচনা।	স্ব স্ব বিভাগের বিভাগীয় প্রধানগন নিজ দায়িত্বে বিভাগে পরিষ্কার-পরিচ্ছন্নতা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অধ্যক্ষ মহোদয় অনুরোধ জানান।	বিভাগীয় প্রধান
৪.	উপস্থিতি	উপস্থিতি নিয়ে আলোচনা	সকল শিক্ষক ও কর্মচারীদের নিয়মিত হাজিরা দেয়া এবং প্রতিদিনের ইন ও আউট নির্ধারিত সময়ের মধ্যে করার জন্য অনুরোধ করা হয়।	কর্মকর্তা/কর্মচারী
৫.	নার্সিং ভর্তি পরীক্ষা	আগামী ০৪/০৫/২০২৪ ইং তারিখ নার্সিং ও মিডওয়াইফারি ভর্তি পরীক্ষা নিয়ে আলোচনা।	আগামী ০৪/০৫/২০২৪ ইং তারিখ শনিবার নার্সিং ও মিডওয়াইফারি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। উক্ত ভর্তি পরীক্ষায় সার্বিক সহযোগীতা ও প্রস্তুত থাকতে সকল শিক্ষককে অনুরোধ করা হয়।	অধ্যক্ষ মহোদয়
৬.	একাডেমিক কার্যক্রম	একাডেমিক কার্যক্রম নিয়ে আলোচনা	একাডেমিক কার্যক্রম নিয়ে সকল ফেইজের (১,২,৩,৪) শিক্ষকগন স্ব স্ব বিভাগের সমস্যা ও সমাধানের বিষয় নিয়ে আলোচনা করেন।	একাডেমিক কো-অর্ডিনেটর

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৭.	বঙ্গবন্ধু কর্নার	বঙ্গবন্ধু কর্নার নিয়ে আলোচনা	বঙ্গবন্ধু কর্নার এ আশানুরূপ বই নেই। পরিদর্শন খাতা এবং পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা নিতে হবে।	কমিটির সভাপতি

ডাঃ শেখ ফজলে রাব্বী, পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ ও হাসপাতালের সম্মানিত সকল শিক্ষক/চিকিৎসককে আন্তরিকতার সহিত ধন্যবাদ জ্ঞাপন করেন এবং অধ্যক্ষ মহোদয় কলেজ ও হাসপাতাল ইউনিট সময়স্বয়ভাবে পরিচালনা করার যে প্রতিশ্রুতি দিয়েছেন সম্মিলিত ভাবে একমত হয়ে সফলতার শিখরে পৌঁছার অঙ্গীকার করেন।

কলেজ ও হাসপাতাল ইউনিট সমর্থনভাবে পরিচালনা করার প্রত্যাশা রেখে এবং নতুন যোগদানকৃত সম্মানিত পরিচালক ডাঃ শেখ ফজলে রাব্বী-কে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



*(Handwritten signature)*  
29/08/28

(অধ্যাপক ডাঃ মোহাম্মদ ইজাজুল হক)  
অধ্যক্ষ  
কুমিল্লা মেডিকেল কলেজ

নং- ৫৯.১৪.০০১৯.০৩৩.০৬.০০১.২০২৪- ৭০৪ (১০)

তারিখ : ১৭ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দুঃআ:-সচিব মহোদয়ের একান্ত সচিব।
২. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দুঃআ:-পরিচালক (প্রশাসন)।
৩. পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
৪. উপাধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৫. অধ্যাপক ও বিভাগীয় প্রধান (সকল).....বিভাগ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৬. ফেইজ কো-অর্ডিনেটর-১/২/৩/৪, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৭. চেয়ারম্যান, মেডিকেল এডুকেশন ইউনিট/লাইব্রেরী বিভাগ/, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৮. হোস্টেল তত্ত্বাবধায়ক, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৯. জনাব মোহাম্মদ জসিম উদ্দিন, অফিস সহকারী (নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব), মেডিকেল এডুকেশন ইউনিট, কুমিল্লা।
১০. অফিস কপি।

*(Handwritten signature)*  
29/08/28

(অধ্যাপক ডাঃ মোহাম্মদ ইজাজুল হক)  
অধ্যক্ষ  
কুমিল্লা মেডিকেল কলেজ